দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 DEC 1988 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 7 ...

44 6/

# কম্প্যুটার শিক্ষা কোর্স প্রবর্তনের সুপারিশ

বাসস জানায়, সরকারের তথ্য প্রযুক্তি প্রয়োগ এবং প্রশাসন বিকেন্দ্রীকরণের উপর সম্প্রতি সমাপ্ত জাতীয় সেমিনারের সুপারিশমালা গতকাল (বৃহস্পতিবার) ঢাকায় প্রেসিডেন্টের

(২য় পৃঃ দ্রঃ)

## কম্প্যুটার শিক্ষা

( ১ম পৃঃ পর )

সচিবালয়ে পেশ করা হয়। প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে তাহার কম্প্যুটার সংক্রান্ত উপদেষ্টা ডঃ এম রফিকুজ্জামান সুপারিশ মালা পেশ করেন।

তথ্য প্রযুক্তি সংক্রান্ত সেমিনারে একটি জাতীয় তথ্য প্রযুক্তি পরিকল্পনার পরামর্শ প্রদান করা হয় এবং স্কুল ও কলেজের মত মাষ্টার ডিগ্রী পর্যায়, ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সসমূহেও কম্প্যুটার শিক্ষাকোর্স প্রবর্তনের সুপারিশ করা হয়। সেমিনারে ঢাকায় একটি কেন্দ্রীয় তথ্য ব্যাংক প্রতিষ্ঠারও সুপারিশ করা হয়।